রেজিস্টার্ড নং ডি এ-১

২০১৭ সনের ১৮ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ৪, ২০১৭

সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৬৫—২৮০ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৬৮১—৭৭২ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৫৩১—৫৮১ | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৫ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ/২৭ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১৮৩.২৭.০০২.১৬(বিমা)-৮৩**—যেহেতু, জনাব মুহম্মদ মশিউর রহমান (পরিচিতি নং ১৫৩৫৩), অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, পিরোজপুর হিসেবে কর্মরত থাকাকালীন ২০-২১ জানুয়ারি ২০১৬ তারিখ ০২ (দুই) দিনের নৈমিত্তিক ছুটি নিয়ে ১৯-০১-২০১৬ তারিখ পূর্বাহ্নে কর্মস্থল ত্যাগের পর থেকে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করে অদ্যাবধি অননুমোদিতভাবে অনুপস্থিত আছেন। উক্ত কারণে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(সি) বিধি অনুযায়ী 'ডিজারশন' (Desertion) এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ১০-০৫-২০১৬ তারিখের ০৫.০০.০০০০. ১৮৩.২৭.০০২.১৬(বিমা)-২৩১ নম্বর স্মারকমূলে কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা নির্ধারিত সময়ের মধ্যে কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল না করায় অভিযোগনামায় বর্ণিত অভিযোগ তদন্ত করার জন্য যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক জনাব মোহাম্মদ কামরুজ্জামান (পরিচিতি নম্বর ৬৯১০), উপসচিব (মাঠপ্রশাসন-৩ অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়- কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা ২৬-০১-২০১৭ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং প্রতিবেদনে প্রদত্ত মতামতে উল্লেখ করেন যে, জনাব মুহম্মদ মশিউর রহমান, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, পিরোজপুর বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(সি) মোতাবেক "ডিজারশন (Desertion)" এর অভিযোগ প্রমাণিত হয়েছে;

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

সেহেতু, জনাব মুহম্মদ মশিউর রহমান (পরিচিতি নং ১৫৩৫৩), অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, পিরোজপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(সি) মোতাবেক "ডিজারশন (Desertion)" এর অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনা করে তাকে উক্ত অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(বি) বিধি মোতাবেক তার "০১(এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী বেতন বৃদ্ধির তারিখ থেকে ০১(এক) বছরের জন্য স্থগিত (withholding of one increment for one year from next increment date)" রাখার লঘুদণ্ড আরোপ করা হলো। ভবিষ্যতে কোন বকেয়া দাবি গ্রহণযোগ্য হবে না। তার অনুপস্থিতকাল ২২-০১-২০১৬ হতে ১৬-০২-২০১৭ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত মোট ০১ বৎসর ২৫ দিন বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

---

**পরিবহন অধিশাখা**

**আদেশ**

তারিখ, ১৫ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ/২৭ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১২১.০২৮.৪৫.১১(অংশ-১)-১৯৮**—আমি আদিষ্ট হয়ে নাটোর জেলার নলডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের গাড়িচালকের জন্য জাতীয় বেতন স্কেল/২০১৫ এর ৯৩০০-২২৪৯০/-টাকা বেতনক্রমে ০১(এক) টি গাড়ি চালকের পদ আদেশ জারীর তারিখ হতে ৩১-০৫-২০১৭ তারিখ পর্যন্ত অস্থায়ীভাবে সৃজনের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

২। উল্লিখিত পদের বেতন-ভাতা সংক্রান্ত যাবতীয় ব্যয় সরকারি যানবাহন অধিদপ্তরের অধীন সরকারি সড়ক পরিবহন এর হিসাব কোড নং ৩-০৭৬১-০০০৫-৪৬০০, ৪৭০০ এবং ৪৮০০ প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন, ভাতাদি এবং সরবরাহ ও সেবা খাতে বরাদ্দকৃত অর্থ হতে নির্বাহ করা হবে।

৩। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

**মালেকা খায়রুন্নেছা**
উপসচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৯ মার্চ ২০১৭

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৭-১৯১**—বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ (রাষ্ট্রপতির ১৯৭২ সনের ১২৭ নং অর্ডার) এর ৯(৩)(ডি) ধারার বিধান অনুযায়ী অর্থ বিভাগের সাবেক সিনিয়র সচিব জনাব মাহবুব আহমেদ এর স্থলে জনাব হেদায়েতুল্লাহ আল মামুন, সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-কে বাংলাদেশ ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রিজওয়ানুল হুদা**
উপসচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৩**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১২ মার্চ ২০১৭ খ্রিঃ

**নং ২১৬-বিচার-৩/১ডি-১০/২০১৫**—যেহেতু, ব্রাহ্মণবাড়ীয়ার সাবেক সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বর্তমানে নরসিংদীর যুগ্ম-জেলা ও দায়রা জজ জনাব মোহাম্মদ সাইফুর রহমান সিদ্দিক এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ১০/২০১৫ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, জনাব মোহাম্মদ সাইফুর রহমান সিদ্দিক এর বিরুদ্ধে রুজুকৃত ১০/২০১৫ নং বিভাগীয় মামলায় তদন্তকারী কর্মকর্তার তদন্তে তাঁর বিরুদ্ধে আনীত সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ প্রমাণিত হয়নি বিধায় তাঁকে উক্ত বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানের জন্য বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ কামনা করা হলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট সরকারের প্রস্তাবে একমত পোষণ করেন।

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ব্রাহ্মণবাড়ীয়ার সাবেক সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বর্তমানে নরসিংদীর যুগ্ম-জেলা ও দায়রা জজ জনাব মোহাম্মদ সাইফুর রহমান সিদ্দিক-কে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ১০/২০১৫ নং বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ২১৭-বিচার-৩/১ডি-০৫/২০১৫**—যেহেতু, চট্টগ্রামের সাবেক যুগ্ম-জেলা ও দায়রা জজ বর্তমানে নেত্রকোনার যুগ্ম-জেলা ও দায়রা জজ জনাব মোঃ বাহাউদ্দিন আহমেদ এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক অসদাচরণ এর অভিযোগে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০৫/২০১৫ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, জনাব মোঃ বাহাউদ্দিন আহমেদ এর বিরুদ্ধে রুজুকৃত ০৫/২০১৫ নং বিভাগীয় মামলায় তদন্তকারী কর্মকর্তার তদন্তে তাঁর বিরুদ্ধে আনীত সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক অসদাচরণ এর অভিযোগ প্রমাণিত হয়নি বিধায় তাঁকে উক্ত বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানের জন্য বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ কামনা করা হলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট সরকারের প্রস্তাবে একমত পোষণ করেন।

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে চট্টগ্রামের সাবেক যুগ্ম-জেলা ও দায়রা জজ বর্তমানে নেত্রকোনার যুগ্ম-জেলা ও দায়রা জজ জনাব মোঃ বাহাউদ্দিন আহমেদ-কে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ০৫/২০১৫ নং বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক**
সচিব।

**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ, ০৫ মার্চ ২০১৭ খ্রিঃ

**নং আর-৬/৭এন-৪০/২০১৬-১০৪**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে যশোর জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব নাসিমা আখতার, পিতা অ্যাডঃ মোঃ আতাউর রহমান-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্দ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিলঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ০৬ মার্চ ২০১৭ খ্রিঃ

**নং আর-৬/৭এন-০৪/২০১৭-১৩৭**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব এইচ, এম, মনির হোসেন, পিতা জনাব মোঃ ফজলুর রহমান হাওলাদার-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্দ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিলঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপ-সচিব (প্রশাসন-২)।

**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ০৭ মার্চ ২০১৭ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-৬৮/৭৭-২২৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মুহাম্মদ মনছুরুল হক, পিতা রশিদ আহমদ, মাতা হাফেজা খাতুন, গ্রাম উত্তর জলদী ভাদালিয়া, ওয়ার্ড নং ১, ডাকঘর ভাদালিয়া, বাশখালী পৌরসভা, উপজেলা বাশখালী, জেলা চট্টগ্রাম) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চট্টগ্রাম জেলার বাশখালী পৌরসভার ১ ও ২ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-৬৮/৭৭-২২৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ আবেদুর রহমান, পিতা মরহুম কাজী মৌলানা মাহবুবুর রহমান, মাতা মোছাম্মৎ বিলকিছ বেগম, গ্রাম উত্তর জলদী নেওয়াজর পাড়া, ওয়ার্ড নং ৩, ডাকঘর জলদী, বাশখালী পৌরসভা, উপজেলা বাশখালী, জেলা চট্টগ্রাম) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চট্টগ্রাম জেলার বাশখালী পৌরসভার ৩ ও ৪ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-৬৮/৭৭-২২৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোহাম্মদ নুরুল কবির, পিতা আবু ছৈয়দ, মাতা নুরবানু, গ্রাম উত্তর জলদী, ওয়ার্ড নং ৫, ডাকঘর জলদী, বাশখালী পৌরসভা, উপজেলা বাশখালী, জেলা চট্টগ্রাম) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চট্টগ্রাম জেলার বাশখালী পৌরসভার ৫ ও ৬ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-৬৮/৭৭-২২৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব শাহাব উদ্দিন, পিতা নুরুল আলম, মাতা রাবেয়া বেগম, গ্রাম দক্ষিণ জলদী, ওয়ার্ড নং ৭, ডাকঘর জলদী, বাশখালী পৌরসভা, উপজেলা বাশখালী, জেলা চট্টগ্রাম) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চট্টগ্রাম জেলার বাশখালী পৌরসভার ৭ ও ৮ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-৬৮/৭৭-২২৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোহাম্মদ শওকতুল ইসলাম, পিতা আবদুচ ছাত্তার, মাতা মরিয়ম বেগম, গ্রাম দক্ষিণ জলদী, ওয়ার্ড নং ৯, ডাকঘর জলদী, বাশখালী পৌরসভা, উপজেলা বাশখালী, জেলা চট্টগ্রাম) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চট্টগ্রাম জেলার বাশখালী পৌরসভার ৯ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

**জি, এম, নাজমুছ শাহাদাৎ**
সিনিয়র সহকারী সচিব।

## বস্ত্র ও পাট মন্ত্রণালয়
## বস্ত্র-২ অধিশাখা

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৫ মার্চ ২০১৭ খ্রিঃ

**নং ২৪.০০.০০০০.১১৬.১৮.০৮৭.১৫-৬৮**—বাংলাদেশ সোনালী ঐতিহ্য বিশ্বখ্যাত "মসলিন" তৈরির প্রযুক্তি পুনরুদ্ধারের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের ০৭-০১-২০১৬ খ্রিঃ তারিখের ২৪.০০.০০০০.১১৬.১৮.০৮৭.১৫-০৭ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে গঠিত বিশেষজ্ঞ কমিটির মেয়াদ ০৭-০১-২০১৭ হতে ০৬-০৬-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৬(ছয়) মাস বর্ধিত করা হলো।

২। কমিটিকে ০৬-০৬-২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন এবং দ্বিমাসিক ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন দাখিল করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হায়দার আলী মোল্লা**
**সহকারী** সচিব।

## তথ্য মন্ত্রণালয়
## তথ্য ও গণযোগাযোগ-১ অধিশাখা

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ ফাল্গুন ১৪২৩/০১ মার্চ ২০১৭

**নং ১৫.০০.০০০০.০২৫.৩২.০০১.১৬-৭৪**—যেহেতু, জনাব মোঃ সাজ্জাদ হায়দার, সিনিয়র তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-কে মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাসরত তাঁর মা ও ছোট বোনের সাথে সাক্ষাতের জন্য মঞ্জুরিকৃত ১৫(পনের) দিনের শ্রান্তিবিনোদন ছুটিকে বহিঃবাংলাদেশ ছুটিতে রূপান্তর এবং ১৭-০৪-২০১৩ হতে ১৬-০৫-২০১৩ তারিখ পর্যন্ত অথবা প্রকৃত ছুটি ভোগের তারিখ হতে ১(এক) মাসের বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরসহ কতিপয় শর্তে মার্কিন যুক্তরাষ্ট্র ভ্রমণের অনুমতি প্রদান করা হয়। তিনি ২৪-০৮-২০১৩ থেকে বহিঃবাংলাদেশ ছুটি ভোগ করার পর মার্কিন যুক্তরাষ্ট্রে অবস্থান করে অসুস্থতাজনিত কারণে ছুটি বর্ধিতকরণের জন্য আবেদন করেন এবং পূর্বের ছুটির ধারাবাহিকতায় তাকে ২২-০৯-২০১৩ হতে ২৩-১০-২০১৩ তারিখ পর্যন্ত আরো ১(এক) মাস বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর করা হয়। মঞ্জুরিকৃত ছুটি ভোগের পর তিনি কর্মস্থলে যোগদান করেননি এবং ২৪-১০-২০১৩ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(সি) বিধিমতে ডিজারশনের অভিযোগে বিভাগীয় মামলা নং-৩/২০১৪ রুজুকরতঃ তথ্য মন্ত্রণালয়ের ২২-০৪-২০১৫ তারিখের ১৫.০০.০০০০.০২৮.২৭.০০৩.১৪.১০৭ সংখ্যক স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তাঁর স্থায়ী ও বর্তমান ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণ করা হয়;

যেহেতু, তাঁর স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরিত পত্রটি "প্রাপক আমেরিকায় থাকেন তাই ফেরত" মন্তব্য সহকারে ডাক বিভাগ থেকে ফেরত আসে এবং দাপ্তরিক ঠিকানায় প্রেরিত পত্রটি "প্রাপক খুজিয়া পাওয়া গেল না বিধায় ফেরত" মন্তব্য সহকারে ডাক বিভাগ থেকে ফেরত আসে;

যেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(৩) বিধি মোতাবেক তথ্য মন্ত্রণালয়ের ৩১-০৫-২০১৫ তারিখের ১৫.০০.০০০০.০২৮.২৭.০০৩.১৪.১৪০ সংখ্যক অফিস আদেশমূলে এ মন্ত্রণালয়ের উপসচিব (বেতার-১) জনাব মুহাম্মদ এনাম চৌধুরীকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তিনি মামলার তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু, একই বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক উক্ত কর্মকর্তাকে ৭(সাত) কর্মদিবসের মধ্যে কারণ দর্শাতে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয় যা ২৩-০১-২০১৬ তারিখে 'দি ডেইলী স্টার' ও ০৪-০২-২০১৬ তারিখে দৈনিক 'কালের কণ্ঠ' পত্রিকায় প্রকাশিত হয়। ৭(সাত) কর্মদিবসের বেশি সময় অতিবাহিত হলেও জবাব না পাওয়ায় তাকে অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২৪-১০-২০১৩ খ্রিঃ হতে সরকারি চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service) শাস্তি (গুরুদণ্ড) প্রদানের লক্ষে একই বিধিমালার ৭(৭) বিধিমতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন ০৮-০৯-২০১৬ তারিখের ৮০.১০২.৪২.০০.০০.০২.২০১৬-২০৯ সংখ্যক স্মারকমূলে তথ্য মন্ত্রণালয়ের প্রস্তাবের সাথে একমত পোষন করে;

যেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৬) বিধি অনুযায়ী উক্ত কর্মকর্তাকে গুরুদণ্ড প্রদানের ক্ষেত্রে তথ্য মন্ত্রণালয়ের ২৯-১১-২০১৬ তারিখের ১৫.০০.০০০০.০২৫. ৩২.০০১.১৬-৪০২ সংখ্যক স্মারকমূলে প্রেরিত সার-সংক্ষেপ মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু, জনাব মোঃ সাজ্জাদ হায়দার, সিনিয়র তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-কে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(সি) অনুযায়ী বিনা অনুমতিতে কর্মস্থলে ত্যাগের (Desertion) অভিযোগে দোষী সাব্যস্থ করে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২৪-১০-২০১৩ খ্রিঃ থেকে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধিমতে তাকে সরকারি চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service) দণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মরতুজা আহমদ**
সচিব।

---

## প্রেস-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ২১ ফাল্গুন ১৪২৩/০৫ মার্চ ২০১৭

**নং ১৫.০০.০০০০.০২০.১৮.০৩১.১৫-৯০**—বাংলাদেশ হতে প্রকাশিত বিভিন্ন পত্রিকার (অনলাইন পত্রিকাসহ) জন্য বিদেশী বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠান/সংস্থা/কোম্পানীর নিকট হতে সংবাদ ও ফিচার সংগ্রহ, আর্টিকেল লেখা, ওয়েভ সার্ভিস সংবাদ ক্রয় ইত্যাদির বিনিময় মূল্য/পারিশ্রমিক/সম্মানী বৈদেশিক মুদ্রায় (রেমিট্যান্স) The Foreign Exchange Regulation Act 1947 অনুযায়ী পরিশোধের নিমিত্ত প্রাপ্ত অনাপত্তির আবেদনসমূহ যাচাই/বাছাই অন্তে মতামত/সুপারিশ প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো:

**আহ্বায়ক**

১. অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়

**সদস্য-বৃন্দ**

২. মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর

৩. যুগ্মসচিব (প্রেস), তথ্য মন্ত্রণালয়

৪. তথ্য অধিদফতরের প্রতিনিধি (অতিরিক্ত প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর)

৫. জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি

৬. বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি

**সদস্য-সচিব**

৭. উপসচিব (প্রেস-২)/সিনিয়র সহকারী সচিব, তথ্য মন্ত্রণালয়

**২। কমিটির কর্মপরিধি:**

(ক) বৈদেশিক মুদ্রা প্রেরণের অনাপত্তির আবেদন ও তৎসংশ্লিষ্ট কাগজপত্রাদি প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা-পূর্বক মতামত/সুপারিশ প্রদান;

(খ) এ সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস, এম, মাহফুজুল হক**
উপসচিব।

---

## প্রতিরক্ষা মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ, ২৩ ফাল্গুন ১৪২৩/০৭ মার্চ ২০১৭

**নং ২৩.০০.০০০০.১৮০.২৭.১৯৫.২০১২-৭৯**—যেহেতু, জনাব মোঃ সাজ্জাত হোসেন, সহকারী সিস্টেম এনালিস্ট (পরিচিতি নম্বর ৫৬), সামরিক বাহিনী কমান্ড এন্ড স্টাফ কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা দুর্নীতি দমন কমিশনের অভিযোগের তালিকাভুক্ত সড়ক ও জনপথ অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী জনাব ফখরুল আলম তালুকদারের নাম ঊর্ধ্বতন কর্মকর্তাদের মাধ্যমে তালিকা বহির্ভূত করার প্রতিশ্রুতি প্রদান করে জনাব তালুকদারের আত্মীয় জনৈক মেহেদী হাসান জাকির-এর নিকট থেকে অবৈধভাবে ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা গ্রহণ করেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উপর্যুক্ত অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়;

Civilian Employees in Defence Services (Classification, Control aand Appeal) Rules, 1961'-এর 7(2) ধারা অনুসারে 'অসদাচরণ (Misconduct)'-এর অভিযোগে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ০৩ মার্চ ২০১৪ তারিখের প্রম/প্রপ্রকক/শৃঙ্খলা-১/১২/ডি-১৮/৯৬ সংখ্যক স্মারকমূলে তাঁকে কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, জনাব মোঃ সাজ্জাত হোসেন ২৩ মার্চ ২০১৪ তারিখে তাঁর লিখিত জবাব দাখিল করেন। তাঁর আবেদনের প্রেক্ষিতে ২৩ এপ্রিল ২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদনক্রমে 'Civilian Employees in Defence Services (Classification, Control and Appeal) Rules, 1961'-এর 11(1) উপবিধি অনুসারে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, জনাব মোঃ সাজ্জাত হোসেনের বিরুদ্ধে আনীত অবৈধ আর্থিক লেনদেনের বিষয়টি প্রত্যক্ষ প্রমাণ বা দালিলিক তথ্যের ভিত্তিতে প্রমাণ না হলেও প্রশাসনের ষষ্ঠ গ্রেডের (প্রথম শ্রেণির কর্মকর্তা) একজন দায়িত্বশীল কর্মচারী হিসাবে জনাব মেহেদী হাসান জাকিরের আত্মীয়ের দুর্নীতি গোপন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট সুপারিশ করা তাঁর জন্য অনভিপ্রেত মর্মে তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেছেন;

যেহেতু, তদন্ত কর্মকর্তার প্রতিবেদন অনুসারে জনাব মোঃ সাজ্জাত হোসেনের বিরুদ্ধে আনীত অবৈধ আর্থিক লেনদেনের অভিযোগটি প্রত্যক্ষ প্রমাণ বা দালিলিক তথ্যের ভিত্তিতে প্রমাণিত না হলেও একজন সরকারি দায়িত্বশীল কর্মচারী হিসাবে জনৈক ব্যক্তির আত্মীয়ের দুর্নীতি গোপন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট সুপারিশ করার মাধ্যমে বেসামরিক পরিমন্ডলে তাঁর কর্মস্থলের সুনাম ও ভাবমূর্তি ক্ষুণ্ন হয়েছে, যা সমর্থনযোগ্য নয়;

এক্ষণে, সেহেতু, জনাব মোঃ সাজ্জাত হোসেন, সহকারী সিস্টেম এনালিস্ট (পরিচিতি নম্বর ৫৬), সামরিক বাহিনী কমান্ড এন্ড স্টাফ কলেজ এর বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, অভিযুক্তের জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনায় 'Civilian Employees in Defence Services (Classification, Control and Appeal) Rules, 1961'-এর 8(1) অনুযায়ী তাঁকে লঘুদণ্ডের আওতায় 8(1)(a) অনুসারে তিরস্কার করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আখতার হোসেন ভূইয়া**
ভারপ্রাপ্ত সচিব।

---

**শিল্প মন্ত্রণালয়**
**স্বশাসিত সংস্থা-বিসিক শাখা**

**আদেশ**

তারিখ, ২৩ ফাল্গুন ১৪২৩/০৭ মার্চ ২০১৭

**নং ৩৬.০০.০০০০.০৬৫.১৫.০০২.১৪(অংশ-২)/৭১**—আমি আদিষ্ট হয়ে শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়িত "ক্ষুদ্র ও কুটির শিল্প প্রশিক্ষণ ইনস্টিটিউট (স্কিটি)" শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত নিম্নবর্ণিত ৯(নয়) ক্যাটাগরির ১৮(আঠার)টি অস্থায়ী পদ ০১-০৬-২০১৬ হতে ৩১-০৫-২০১৭ তারিখ পর্যন্ত নিয়মিত সংরক্ষণের সরকারি আদেশ নিম্নোক্ত শর্তে জারি করছি:—

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | সহকারী হিসাব নিয়ন্ত্রক | ১(এক)টি | ৩৫৫০০—৬৭০১০/- (গ্রেড-৬) |
| ২. | প্রোগ্রাম অফিসার | ১(এক)টি | ২২০০০—৫৩০৬০/- (গ্রেড-৯) |
| ৩. | ডরমিটরী সুপারিনটেনডেন্ট | ১(এক)টি | ১০২০০—২৪৬৮০/- (গ্রেড-১৪) |
| ৪. | কম্পিউটার অপারেটর | ৩(তিন)টি | ১১০০০—২৬৫৯০/- (গ্রেড-১৩) |
| ৫. | ডাটা এন্ট্রি অপারেটর | ৬(ছয়)টি | ৯৩০০—২২৪৯০/- (গ্রেড-১৬) |
| ৬. | লাইব্রেরী সহকারী | ১(এক)টি | ৯৭০০—২৩৪৯০/- (গ্রেড-১৫) |
| ৭. | রিসিপসনিস্ট-কাম টেলিফোন অপারেটর | ১(এক)টি | ৯৩০০—২২৪৯০/- (গ্রেড-১৬) |
| ৮. | মেশিন অপারেটর | ১(এক)টি | ৮৮০০—২১৩১০/- (গ্রেড-১৮) |
| ৯. | ড্রাইভার | ৩(তিন)টি | ৯৩০০—২২৪৯০/- (গ্রেড-১৬) |
| | মোট: | ১৮(আঠার)টি | |

**শর্তসমূহ:**

(ক) মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/ কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে;

(খ) চতুর্থ শ্রেণীর পদে যে সকল কর্মচারী কর্মরত আছেন সে সকল পদ পরবর্তীতে তাদের অবসর গ্রহণ, পদত্যাগ, অপসারণ, মৃত্যু বা অন্য কোন কারণে পদগুলো শূন্য হলে তা আউট সোর্সিং এর মাধ্যমে পূরণ করতে হবে; এবং

(গ) এতদবিষয়ে প্রচলিত বিধি-বিধান ও অন্যান্য আনুষ্ঠানিকতা অবশ্যই পালন করতে হবে।

২। পদ সংরক্ষণের এ সরকারি আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

**মোঃ রেজাউল করিম**
সহকারী সচিব।

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**সওজ গেজেটেড সংস্থাপন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০২ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৩৫.০২২.০১৫.০০.০০.০৭০.২০১০-১৬০**—জনাব জোহরা সুলতানা (৬০২২০৩), উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-এর সাময়িক বরখাস্তের আদেশ গত ০১-০২-২০১৭ তারিখের ৩৫.০২২.০১৫. ০০.০০.০৭০.২০১০-৯৩ সংখ্যক প্রজ্ঞাপনমূলে প্রত্যাহার করা হয়েছিল। জনাব জোহরা সুলতানা পুনরায় অননুমোদিতভাবে বিদেশে চলে যাওয়ায় এ প্রত্যাহার আদেশ বাতিলপূর্বক ১২-১২-১৬ তারিখের ৩৫.০২২.০১৫.০০.০০. ০৭০.২০১০-৯৫৭ সংখ্যক প্রজ্ঞাপনে চাকরি থেকে সাময়িক বরখাস্তের যে আদেশ দেয়া হয়েছিল তা পুনর্বহাল করা হল।

২। প্রচলিত বিধি মোতাবেক তিনি খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, এন, ছিদ্দিক**
সচিব।

---

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**পর্যটন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিঃ

**নং ৩০.০১৫.০১৮.০০.০০.০২৫.২০০৩-৮৯(৯)**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পুনরাদেশ না দেয়া পর্যন্ত বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের প্রাক্তন অতিরিক্ত সচিব জনাব স্বপন কুমার সরকার এর স্থলে বর্তমান অতিরিক্ত সচিব জনাব মোঃ ইমরান- কে বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড এর পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করিলেন।

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সামিহা ফেরদৌসী**
সিনিয়র সহকারী সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**অধিশাখা-৭ (কলেজ-২)**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৬ ফাল্গুন ১৪২৩/২৮ ফেব্রুয়ারি ২০১৭

**নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৪.১৬-১৫৪**—যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ সিদ্দিকুর রহমান, প্রাক্তন সহকারী পরিচালক (বিশেষ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (বর্তমানে-পরিদর্শক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা) যশোর জেলাস্থ সদর উপজেলাধীন উপশহর আলীম মাদ্রাসার নিয়োগে অনিয়ম ও বিভিন্ন অভিযোগের পরিপ্রেক্ষিতে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। গত ৩০-১০-২০১৬ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিতে তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকার করে লিখিত বক্তব্য ও কাগজপত্র দাখিল করেছেন। তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ না হওয়ায় অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব মোঃ সিদ্দিকুর রহমান, পরিদর্শক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা এর ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবানবন্দি এবং আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে বিভাগীয় মামলা হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

**নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৫.১৬-১৫৯**—যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব টি. এম. জাকির হোসেন, উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা এর বিরুদ্ধে যশোর জেলাস্থ সদর উপজেলাধীন উপশহর আলীম মাদ্রাসার নিয়োগে অনিয়ম ও বিভিন্ন অভিযোগের পরিপ্রেক্ষিতে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। গত ৩০-১০-২০১৬ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিকালে তিনি অভিযোগের বিপক্ষে যুক্তিসংগত কারণ ও যথাযথ তথ্য/উপাত্ত উপস্থাপন করতে সক্ষম হননি। পরবর্তীতে তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ না হওয়ায় অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব টি. এম. জাকির হোসেন, উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা এর ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবানবন্দি এবং আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে বিভাগীয় মামলা হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

**নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৭.১৬-১৬৩**—যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব এ. কে. এম রেজাউল করিম, প্রাক্তন সহকারী পরিচালক (বিশেষ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (বর্তমানে-সহকারী পরিচালক, স্কুল ফিডিং প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা) যশোর জেলাস্থ সদর উপজেলাধীন উপশহর আলীম মাদ্রাসার নিয়োগে অনিয়ম ও বিভিন্ন অভিযোগের পরিপ্রেক্ষিতে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। গত ৩০-১০-২০১৬ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিতে তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকার করে লিখিত বক্তব্য ও কাগজপত্র দাখিল করেছেন। তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ না হওয়ায় অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব এ. কে. এম রেজাউল করিম, সহকারী পরিচালক, স্কুল ফিডিং প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবানবন্দি এবং আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে বিভাগীয় মামলা হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহরাব হোসাইন**
সচিব।

## মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
### শাখা-জামস

### প্রজ্ঞাপন

তারিখ, ০৬ মার্চ ২০১৭ খ্রিঃ

**নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০০৭.৯৯-২৯**—মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা (১)(ঘ)(ঙ) ও (ছ) ধারা মোতাবেক জেলা প্রশাসক, টাঙ্গাইল এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার টাঙ্গাইল জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো:

| ক্রঃ নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণী | নাম ও ঠিকানা | পদবী |
|---|---|---|---|---|
| (১) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | বেগম রুমা খান, স্বামী-খঃ বজলুর রহমান, থানাপাড়া, টাংগাইল সদর, টাংগাইল। | চেয়ারম্যান |
| (২) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | বেগম চায়না মামুন, স্বামী-আল মামুন, আকুর টাকুর পাড়া, টাংগাইল সদর, টাংগাইল। | সদস্য |
| (৩) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | বেগম ফেরদৌসী আক্তার রুনু, স্বামী-মোশারফ হোসেন, কাগমারী, টাংগাইল সদর, টাংগাইল। | সদস্য |
| (৪) | ১০(১)(ঙ) | সমাজসেবী | বেগম ফাতেমা রহমান, স্বামী-মিজানুর রহমান, থানাপাড়া, টাংগাইল সদর, টাংগাইল। | সদস্য |
| (৫) | ১০(১)(ঘ) | শিক্ষিকা | বেগম শাহনাজ খান নার্গিস, স্বামী-মোঃ আনোয়ার হোসেন, আকুর টাকুর পাড়া, টাংগাইল সদর, টাংগাইল। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের বেগম রুমা খান উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ০৭-০৩-২০১৭ খ্রিঃ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হাসিনা আক্তার খানম**
সহকারী সচিব।

---

## স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
### স্থানীয় সরকার বিভাগ
### উপজেলা-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ১৫ ফাল্গুন ১৪২৩ বঃ/২৭ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিঃ

**নং ৪৬.০৪৫.০২৭.০৮.৮৩.০৮৩.২০১৬-২২৮**—যেহেতু, জনাব এ, টি, এম নুরুল বশর চৌধুরী, চেয়ারম্যান, কুতুবদিয়া উপজেলা পরিষদ, কক্সবাজার এর বিরুদ্ধে দায়েরকৃত কুতুবদিয়া থানার মামলা নং-০৮, তাং-২৪-১১-২০১৩ খ্রিঃ (জিআর ১২৩/২০১৩) এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব এ, টি, এম নুরুল বশর চৌধুরী, চেয়ারম্যান, কুতুবদিয়া উপজেলা পরিষদ, কক্সবাজার এর বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ(১) ধারা অনুসারে কক্সবাজার জেলার কুতুবদিয়া উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব এ, টি, এম নুরুল বশর চৌধুরীকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

**লুৎফুন নাহার**
সিনিয়র সহকারী সচিব।

---

### উন্নয়ন-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ২১ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ/৫ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৪৬.০৬৭.০০৩.০০.০০.০০১.২০১৬-২০৯**—যেহেতু, জনাব মোঃ সিরাজুল ইসলাম, উপ-প্রকল্প পরিচালক (চলতি দায়িত্ব), হাওর অঞ্চলের অবকাঠামো ও জীবনমান উন্নয়ন প্রকল্প, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা, সাবেক কর্মস্থল মৌলভীবাজার জেলার নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) কর্মরত থাকাকালীন বৃহত্তর ময়মনসিংহ, সিলেট ও ফরিদপুর এলাকায় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের

আওতায় মৌলভীবাজার জেলায় মৎস্য উন্নয়ন কর্মসূচি বিষয়ক ৬টি প্রশিক্ষণের আয়োজন না করে প্রশিক্ষণ বাবদ বরাদ্দকৃত ৬৬,০০০/- (ছিষট্টি হাজার) টাকা উত্তোলন করতঃ আত্মসাত করার অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, ব্যক্তিগত শুনানীতে তাঁর প্রদত্ত বক্তব্য ও আনুষঙ্গিক রেকর্ডপত্র সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয় এবং তদন্ত প্রতিবেদনের অনুলিপি প্রেরণপূর্বক তাঁকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ দেয়া হয়; এবং

যেহেতু, তিনি জবাব দাখিল করেন; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন, সংযুক্ত রেকর্ডপত্র ও তাঁর জবাব পর্যালোচনায় দেখা যায় তিনি পরবর্তী সময়ে বর্ণিত অর্থ সংশ্লিষ্ট খাতে জমা করেছেন কিন্তু যথাযথ প্রশিক্ষণ আয়োজন করেন নি।

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২) এর বিধান মোতাবেক জনাব মোঃ সিরাজুল ইসলাম, উপ-প্রকল্প পরিচালক (চলতি দায়িত্ব), হাওর অঞ্চলের অবকাঠামো ও জীবনমান উন্নয়ন প্রকল্প, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা-কে "তিরস্কার" দণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আবদুল মালেক**
সচিব।

---

**আদেশ**

তারিখ, ২১ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ/৫ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৪৬.০৬৭.০০৩.০০.০০.০০২.২০১৫-২১০**—যেহেতু, আপনি জনাব মোহাম্মদ ইমরান হোসেন এলজিইডির সমাপ্ত উপজেলা ও ইউনিয়ন সড়কে পোর্টেবল স্টীল ব্রীজ নির্মাণ প্রকল্প, এলজিইডি, সদর দপ্তর, ঢাকায় সহকারী প্রকৌশলী হিসেবে প্রেষণে কর্মরত থাকাকালে আপনার আবেদনের প্রেক্ষিতে ১০-০৯-২০০৮ হতে ৩০-০৯-২০১১ তারিখ পর্যন্ত শিক্ষা ছুটি মঞ্জুর করা হয়; এবং

যেহেতু, আপনি University of New Mexico, USA'তে Pavement Engineering এর উপর Scholarship সহ Doctor of Philosophy in Civil Engineering (Ph.D) কোর্স সমাপ্তকরণের লক্ষ্যে অনুমোদিত ছুটির সাথে সমন্বয়পূর্বক ০১-১০-২০১১ হতে ৩০-০৯-২০১৫ তারিখ পর্যন্ত ছুটি বর্ধিতকরণের জন্য আবেদন করেন; এবং

যেহেতু, বর্ধিত শিক্ষা ছুটির আবেদন নামঞ্জুর করতঃ আপনাকে শিক্ষা ছুটি শেষে দেশে ফিরে ০২-১০-২০১১ তারিখের মধ্যে কর্মস্থলে যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, আপনি কাজে যোগদান না করে ০২-১০-২০১১ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারার অভিযোগে এ বিভাগের ০৯-০৪-২০১৪ তারিখের ৪৬.০৬৭.০০৩.০০.০০.০০২.২০১৫-৩৩৭ নম্বর স্মারকে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, আপনার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় উপরে বর্ণিত স্মারকে জারীকৃত অভিযোগনামা আপনার কর্মস্থল ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়; এবং

যেহেতু, আপনি উক্ত অভিযোগনামার কোন জবাব দাখিল করেননি কিংবা কাজে যোগদান করেননি; এবং

যেহেতু, সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৫(২) ধারার বিধান মোতাবেক অত্র বিভাগের ০৮-০১-২০১৭ তারিখের ৪৬.০৬৭.০০৩.০০.০০.০০২.২০১৫-১৯ নম্বর স্মারকমূলে আপনাকে ২য় কারণ দর্শানোর নোটিশ গত ৩০-০১-২০১৭ তারিখ ২টি জাতীয় দৈনিক পত্রিকা "দৈনিক ইত্তেফাক এবং The Daily Observer" পত্রিকায় প্রকাশিত হয়; এবং

যেহেতু, আপনি পত্রিকায় প্রকাশিত কারণ দর্শানো নোটিশের কোন জবাব দাখিল করেননি কিংবা অদ্যাবধি কাজে যোগদান করেননি।

সেহেতু, সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদশ, ১৯৭৯ এর ৩(বি) ধারার অভিযোগ যুক্তিসংগত কারণ ব্যতিত নিজ কর্মস্থলে অনুপস্থিত থাকার অপরাধ আপনার বিরুদ্ধে সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় উক্ত অধ্যাদেশের ৪(এ) ধারা মোতাবেক আপনাকে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হল।

এ আদেশ আপনার অনুপস্থিতি শুরুর তারিখ অর্থাৎ ০২-১০-২০১১ খ্রি. তারিখ হতে কার্যকর হবে।

**আবদুল মালেক**
সচিব।

---

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৮ চৈত্র ১৪২৩/২২ মার্চ ২০১৭

**নং ০৩.০৭০.০০৬.০০.০০.০০৩.২০১৫-৫০**—প্রধানমন্ত্রীর কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুসারে এনজিও বিষয়ক ব্যুরোর সেবা পদ্ধতি সহজিকরণ (এসপিএস) নিশ্চিতকল্পে বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা (এনজিও) সমূহের জন্য নির্ধারিত বৈদেশিক কন্টিবিউশন (এফসি-১) সংক্রান্ত প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১২ এপ্রিল ২০১২ তারিখে জারীকৃত পরিপত্রের ৯(ঙ) সংশোধন করা হলো:

ঙ. এনজিও বিষয়ক ব্যুরো/সংশ্লিষ্ট মন্ত্রণালয় আবেদন প্রাপ্তির পর ১(এক) সপ্তাহের মধ্যে সিদ্ধান্ত প্রদান করবে এবং কন্ট্রিবিউশন অবমুক্তির অনুলিপি স্বরাষ্ট্র মন্ত্রণালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রত্যাশী সংস্থা/ব্যক্তিকে প্রদান করবে। কন্ট্রিবিউশন গ্রহণকারী কন্ট্রিবিউশন ব্যবহারের ৬(ছয়) সপ্তাহের মধ্যে অনুমোদন প্রদানকারী কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন দাখিল করবে।

২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে পরিপত্রের ৯(ঙ) সংশোধন করা হলো। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ডাঃ মোঃ জুলফিকার আলী**
পরিচালক-৩।

---

**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**
**সামষ্টিক অর্থনীতি বিভাগ**
**পরিবীক্ষণ-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ০৬ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ/২০ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ০৭.০০.০০০০.০৯৭.০০.০০৭.২০১৬-২০**—অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন Skills for Employment Investment Program (SEIP) শীর্ষক প্রকল্পের অনুকূলে উন্মুক্ত পদ্ধতিতে (OTM) ক্রয় কার্যক্রম/প্রস্তাব মূল্যায়নের লক্ষ্যে পূর্বে গঠিত কমিটির স্থলে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮

অনুযায়ী নিম্নরূপে একটি সংশোধিত দরপত্র/প্রস্তাব মূল্যায়ন কমিটি (TEC/PEC) নির্দেশক্রমে গঠন করা হলো:

**চেয়ারপার্সন**

(১) উপ-নির্বাহী প্রকল্প পরিচালক (ফান্ড ম্যানেজমেন্ট), SEIP প্রকল্প, অর্থ বিভাগ, প্রবাসী কল্যাণ ভবন (১৬তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

**সদস্যবৃন্দ**

(২) সহকারী নির্বাহী প্রকল্প পরিচালক (পাবলিক-১), SEIP প্রকল্প, অর্থ বিভাগ, প্রবাসী কল্যাণ ভবন (১৬তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

(৩) সহকারী নির্বাহী প্রকল্প পরিচালক (প্রাইভেট-২), SEIP প্রকল্প, অর্থ বিভাগ, প্রবাসী কল্যাণ ভবন (১৬তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

(৪) উপ-জাতীয় প্রকল্প পরিচালক, বাংলাদেশ মেরিন ফিশারিজ ক্যাপাসিটি বিল্ডিং প্রকল্প, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

(৫) সিনিয়র সহকারী সচিব (পরিবেশ শাখা-১), পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৬) সিনিয়র সহকারী সচিব, পরিবীক্ষণ শাখা-১, সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

(৭) সহকারী নির্বাহী প্রকল্প পরিচালক (এফএম-১), SEIP প্রকল্প, অর্থ বিভাগ, প্রবাসী কল্যাণ ভবন (১৬তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

২। মূল্যায়ন কমিটির সদস্যগণ সংশ্লিষ্ট আইন, বিধিমালা এবং আবেদনপত্র, দরপত্র বা প্রস্তাব দলিলের বিধান ও শর্তাদি অনুসরণক্রমে :—

(ক) আবেদনপত্র, দরপত্র আগ্রহ ব্যক্তকরণ পত্র বা প্রস্তাব পরীক্ষা ও মূল্যায়ন করবেন;

(খ) সুপারিশসহ মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করে অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন।

**নং ০৭.০০.০০০০.০৯৭.০০.০০৭.২০১৬-২১**—অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন Skills for Employment Investment Program (SEIP) শীর্ষক প্রকল্পের অনুকূলে RFQ পদ্ধতিতে স্বল্পমূল্যের ক্রয় কার্যক্রম মূল্যায়নের লক্ষ্যে পূর্বে গঠিত কমিটির স্থলে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুযায়ী নিম্নরূপে একটি সংশোধিত কমিটি নির্দেশক্রমে গঠন করা হলো:

**চেয়ারপার্সন**

(১) উপ-নির্বাহী প্রকল্প পরিচালক (ফান্ড ম্যানেজমেন্ট), SEIP প্রকল্প, অর্থ বিভাগ, প্রবাসী কল্যাণ ভবন (১৬তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

**সদস্য**

(২) সিনিয়র সহকারী সচিব (পরিবেশ শাখা-১), পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

(৩) সহকারী নির্বাহী প্রকল্প পরিচালক (এফএম-২), SEIP প্রকল্প, অর্থ বিভাগ, প্রবাসী কল্যাণ ভবন (১৬তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

২। মূল্যায়ন কমিটির সদস্যগণ সংশ্লিষ্ট আইন, বিধিমালা এবং আবেদনপত্র, দরপত্র বা প্রস্তাব দলিলের বিধান ও শর্তাদি অনুসরণক্রমে :—

(ক) আবেদনপত্র, দরপত্র আগ্রহ ব্যক্তকরণ পত্র বা প্রস্তাব পরীক্ষা ও মূল্যায়ন করবেন;

(খ) সুপারিশসহ মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করে অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন।

**ফৌজিয়া রহমান**
সিনিয়র সহকারী সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৩**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ০৫ মার্চ ২০১৭ খ্রিঃ

**নং ১৯৫-বিচার-৩/১ডি-০১/২০১৪**—যেহেতু, কক্সবাজারের সাবেক চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বর্তমানে সিলেটের অতিরিক্ত জেলা ও দায়রা জজ জনাব সৈয়দ হুমায়ুন আজাদ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক অসদাচরণ এর অভিযোগে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০১/২০১৪ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, জনাব সৈয়দ হুমায়ুন আজাদ এর বিরুদ্ধে রুজুকৃত ০১/২০১৪ নং বিভাগীয় মামলায় তদন্তকারী কর্মকর্তার তদন্তে তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক অসদাচরণ এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে চাকুরী হতে বাধ্যতামূলক অবসর (Compulsory Retirment) প্রদানের প্রস্তাব বাংলাদেশ সুপ্রীম কোর্টে প্রেরণ করা হলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট তাঁকে উক্ত বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানের জন্য পরামর্শ প্রদান করেন।

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শের প্রেক্ষিতে কক্সবাজারের সাবেক চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বর্তমানে সিলেটের অতিরিক্ত জেলা ও দায়রা জজ জনাব সৈয়দ হুমায়ুন আজাদ-কে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ০১/২০১৪ নং বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ১৯৬-বিচার-৩/১ডি-০৩/২০১৫**—যেহেতু, সাতক্ষীরার সাবেক যুগ্ম-জেলা ও দায়রা জজ বর্তমানে শরীয়তপুরের যুগ্ম-জেলা ও দায়রা জজ জনাব রিপতি কুমার বিশ্বাস এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০৩/২০১৫ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, জনাব রিপতি কুমার বিশ্বাস এর বিরুদ্ধে রুজুকৃত ০৩/২০১৫ নং বিভাগীয় মামলায় তদন্তকারী কর্মকর্তার তদন্তে তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাঁকে উক্ত বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানের জন্য বাংলাদেশ সুপ্রীম কোর্ট পরামর্শ প্রদান করেন।

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শক্রমে সাতক্ষীরার সাবেক যুগ্ম-জেলা ও দায়রা জজ বর্তমানে শরীয়তপুরের যুগ্ম-জেলা ও দায়রা জজ জনাব রিপতি কুমার বিশ্বাস-কে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ০৩/২০১৫ নং বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক**
সচিব।

---

**বিচার শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ মার্চ ২০১৭ খ্রিঃ

**নং আর-৬/৪ডি-০২/২০১১-৭০**—প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়া এর বিগত ২৩-০২-২০১২ খ্রিঃ তারিখে এ,টি মামলা নং ১৫৬/২০১১ এ প্রদত্ত রায়ে জনাব মোঃ হেলাল উদ্দিন, সাব-রেজিস্ট্রার (বরখাস্তকৃত), গুলশান, ঢাকা-কে চাকরি হতে বরখাস্তের আদেশ বে-আইনি ও বাতিল ঘোষণা করতঃ বকেয়া বেতন ভাতাদিসহ বিধি মোতাবেক প্রাপ্য যাবতীয় সুযোগ-সুবিধারিদর আদেশ প্রদান করায়;

বিজ্ঞ প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল তামাদিতে বারিত উল্লেখে বিগত ১১-০২-২০১৪ খ্রিঃ তারিখের ০২/২০১৪ নং আপীলটি খারিজ করায়;

মাননীয় সুপ্রীম কোর্টের আপীল বিভাগ ১৫৮৪/২০১৪ নং সিভিল পিটিশন ফর লিভ টু আপীল মামলাটিতে বিগত ১০-০২-২০১৫ খ্রিঃ তারিখে খারিজাদেশ প্রদান করায়; এবং

মাননীয় সুপ্রীম কোর্টের আপীল বিভাগ সিভিল রিভিউ পিটিশন নং ৩৯/২০১৬ এ বিগত ০৮-১২-২০১৬ খ্রিঃ তারিখে খারিজাদেশ প্রদান করায় প্রশাসনিক ট্রাইব্যুনাল, বগুড়া এর উল্লিখিত রায় মোতাবেক জনাব মোঃ হেলাল উদ্দিন, সাব-রেজিস্ট্রার (বরখাস্তকৃত), গুলশান, ঢাকা-কে চাকরিতে পুনর্বহাল করতঃ বকেয়া বেতন ভাতাদিসহ বিধি মোতাবেক প্রাপ্য যাবতীয় সুযোগ-সুবিধাদি প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক**
সচিব।

---

**আদেশাবলী**

তারিখ, ২৮ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিঃ

**নং আর-৬/৭এন-০২/২০১৭-১১৫**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ মিজানুর রহমান শিকদার, পিতা মরহুম মোঃ হাবিবুর রহমান শিকদার-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে সকার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিলঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ১৩ মার্চ ২০১৭ খ্রিঃ

**নং আর-৬/৭এন-৪৩/২০১৬-১১৬**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে টাঙ্গাইল জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব হোসনে আরা আহাম্মেদ, পিতা জনাব মোঃ বদরুদ্দোজা-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিলঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ০৬ মার্চ ২০১৭ খ্রিঃ

**নং আর-৬/৭এন-০৫/২০১৭-১৩৮**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব ফরিদা ইয়াসমীন, পিতা জনাব মোঃ আলী আজগর-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিলঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপসচিব (প্রশাসন-২)।

## বিচার শাখা-৭

## আদেশাবলী

তারিখ, ২৩ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-৮৪/৮৩-১৭৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোহাম্মদ নাছির উদ্দিন, পিতা মরহুম নূর হোসেন, মাতা মরহুমা আয়শা খাতুন, গ্রাম করণখাইন, ডাকঘর করণখাইন, উপজেলা পটিয়া, জেলা চট্টগ্রাম) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলার ১০নং ধলঘাট ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭(সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

তারিখ, ২৬ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-২২/৯৮-১৮৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মুহাম্মদ আশরাফুল আলম, পিতা মোঃ আব্দুল গফুর মিয়া, মাতা মোছাঃ আলেয়া বেগম, গ্রাম বড়ভিটা, ডাকঘর নিউ বড়ভিটা, উপজেলা ফুলবাড়ী, জেলা কুড়িগ্রাম) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলার ০৪নং বড়ভিটা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭(সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

তারিখ, ২৭ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-৭০/৮৬(অংশ-১)-১৮৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোহাঃ সাহানুর ইসলাম, পিতা খন্দকার মোহাঃ জালাল উদ্দিন, মাতা মোছাঃ সুফিয়া বেগম, গ্রাম জুগিয়া, ডাকঘর জুগিয়া, উপজেলা কুষ্টিয়া সদর, জেলা কুষ্টিয়া) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুষ্টিয়া জেলার সদর পৌরসভার ১৩নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭(সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-৭০/৮৬(অংশ-১)-১৯০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ হাসিবুল ইসলাম, পিতা মোঃ শফিউদ্দিন শেখ, মাতা কমেলা খাতুন, গ্রাম জুগিয়া, ডাকঘর জুগিয়া, উপজেলা কুষ্টিয়া সদর, জেলা কুষ্টিয়া) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুষ্টিয়া জেলার সদর পৌরসভার ১৪নং ও ১৫নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭(সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

তারিখ, ০১ মার্চ ২০১৭ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-১৬/৮২-১৯৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোহাম্মদ মহিবুল্লাহ, পিতা মোঃ ছিদ্দিকুর রহমান, মাতা বিবি মরিয়াম, গ্রাম দক্ষিণ চর মঙ্গল, ডাকঘর আঞ্জুরহাট, উপজেলা চরফ্যাশন, জেলা ভোলা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ভোলা জেলার চরফ্যাশন উপজেলার ৮নং চরকলমী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭(সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-১১/৯৯(অংশ)-১৯৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ রজব আলী, পিতা মোহাঃ আনছার আলী, মাতা মোছাঃ আয়েশা খাতুন, গ্রাম কুলিয়া, ডাকঘর রামকৃষ্ণপুর, উপজেলা চৌগাছা, জেলা যশোর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে যশোর জেলার চৌগাছা উপজেলার ১১নং সুখপুকুরিয়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭(সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

তারিখ, ১৩ মার্চ ২০১৭ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-৩২/২০১৩-২৫৫**—নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার জকিগঞ্জ উপজেলার হিন্দু বিবাহ নিবন্ধক হিসেবে জনাব রতন বিশ্বাস, পিতা কবিরন বিশ্বাস এর ইস্যুকৃত নিয়োগপত্রের অনুলিপির ক্রমিক নং-৪ এ চট্টগ্রামের স্থলে ঢাকা এবং ক্রমিক নং-৬ এ স্থলে চট্টগ্রামের স্থলে সিলেট সংশোধন করা হলো। বিষয়টি আপনাদেরকে জ্ঞাত করানো হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হলো।

**জি, এম, নাজমুছ শাহাদাৎ**
সিনিয়র সহকারী সচিব।

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
## প্রশাসন-১ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ১৫ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ/২৭ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ২৫.০০.০০০০.০১৩.২৭.০০১.১০-২২(১)**—রাজশাহী গণপূর্ত উপ বিভাগ-২ এর উপ সহকারী প্রকৌশলী (সিভিল) জনাব নফিজ আহম্মেদকে আইন শৃংখলা বাহিনী কর্তৃক নব্য জে এম বি'র অর্থদাতা সন্দেহে পুলিশ গ্রেফতার করায় এবং বর্তমানে তিনি আইন শৃঙ্খলা বাহিনীর হেফাজতে থাকার কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ১১ মোতাবেক তাঁকে (জনাব নফিজ আহম্মেদ) সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালে তিনি বিধি মোতাবেক খোরাকীভাতা (Subsistance Allowance) প্রাপ্য হবেন।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শহীদ উল্লা খন্দকার**
সচিব।

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
## যুব-১ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ১৪ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ/২৬ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৩৪.০০.০০০০.০৫১.০৪.০০২.১৭-৭৩**—যেহেতু, জনাব মোঃ গোলাম মোর্শেদ, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, কাহালু, বগুড়া-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তার ১(এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ১(এক) বছরের জন্য স্থগিতকরণ দণ্ডারোপ করা হয়।

যেহেতু, জনাব মোঃ গোলাম মোর্শেদ, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, কাহালু, বগুড়া-এর বিরুদ্ধে বিভাগীয় মামলায় আরোপিত দণ্ড মওকুফ সংক্রান্ত আপিলের পরিপ্রেক্ষিতে গত ০৫-০২-২০১৭ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। অভিযুক্ত কর্মচারি জনাব মোঃ গোলাম মোর্শেদ শুনানিতে হাজির হন এবং সরকার পক্ষে জনাব মোঃ শাহীনূর রহমান, সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, মামলার Conducting Officer হিসেবে দায়িত্ব পালন করেন;

যেহেতু, শুনানিকালে আপিলকারী জনাব মোঃ গোলাম মোর্শেদ, যুব উন্নয়ন কর্মকর্তা, কাহালু, বগুড়া জানান যে, তিনি উক্ত কার্যালয়ে যোগদানের পূর্ব হতেই ক্যাশিয়ার জনাব মোঃ মুস্তাকীন মীরান কাগজপত্র জাল করে যুব ঋণের টাকা আত্মসাত করেন। তিনিই প্রথম ক্যাশিয়ারের ব্যাংকের জমা রশিদ ও সীল স্বাক্ষর জালের বিষয়টি উদঘাটন করেন। এতে বিলম্ব হওয়ায় সংশ্লিষ্ট ক্যাশিয়ার ৯,১৪,৬৪১ (নয় লক্ষ চৌদ্দ হাজার ছয়শত একচল্লিশ) টাকা আত্মসাত করতে সক্ষম হন। উক্ত অর্থ আত্মসাতের বিষয়ে তার কোন সংশ্লিষ্টতা নেই। ব্যাংকে নিয়মিত যোগাযোগ রক্ষা না করার বিষয়টি একটি অনিচ্ছাকৃত ভুল হিসেবে তিনি ক্ষমাপ্রার্থনা করেন।

যেহেতু, অর্থ আত্মসাতের বিষয়টি আপিলকারীই প্রথম উদঘাটন করেছেন ও অর্থ আত্মসাতের সাথে তার কোন সংশ্লিষ্টতা নেই এবং ইতোপূর্বে তার বিরুদ্ধে এরূপ কোন অভিযোগ পাওয়া যায়নি। ব্যক্তিগত শুনানিকালে তিনি অনুতপ্ত হন। সেহেতু শুনানি, নথি পর্যালোচনা এবং সার্বিক বিষয় বিবেচনায় জনাব মোঃ গোলাম মোর্শেদ, যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, কাহালু-এর বিরুদ্ধে মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রদত্ত দণ্ড মওকুফ করা হল।

তারিখ, ১৫ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ/২৭ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৩৪.০০.০০০০.০৫১.০৪.০০৭.১৭-৭৪**—যেহেতু, বেগম নাজিয়া শামস্, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়া সদর, বগুড়া (পূর্বতন কর্মস্থল কাহালু, বগুড়া)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তার ১(এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১(এক) বছরের জন্য স্থগিতকরণ দণ্ডারোপ করা হয়।

যেহেতু, বেগম নাজিয়া শামস্, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়া সদর, বগুড়া-এর বিরুদ্ধে বিভাগীয় মামলায় আরোপিত দণ্ড মওকুফ সংক্রান্ত আপিলের পরিপ্রেক্ষিতে গত ২৬-০২-২০১৭ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। অভিযুক্ত কর্মচারি বেগম নাজিয়া শামস্ শুনানিতে হাজির হন এবং সরকার পক্ষে জনাব মোঃ শাহীনূর রহমান, সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, মামলার Conducting Officer হিসেবে দায়িত্ব পালন করেন;

যেহেতু, শুনানিকালে আপিলকারী বেগম নাজিয়া শামস্, যুব উন্নয়ন কর্মকর্তা, বগুড়া সদর, বগুড়া জানান যে, সংশ্লিষ্ট কার্যালয়ের ক্যাশিয়ার জনাব মোঃ মুস্তাকীন মীরান তার অগোচরে কাগজপত্র জাল করে যুব ঋণের টাকা আত্মসাত করেন। ফলে সংশ্লিষ্ট ক্যাশিয়ার ৯,৫৬,৯০ (নয় লক্ষ ছাপান্ন হাজার নয়শত) টাকা আত্মসাত করতে সক্ষম হন। উক্ত অর্থ আত্মসাতের বিষয়ে তার কোন সংশ্লিষ্টতা নেই। ব্যাংকে নিয়মিত যোগাযোগ রক্ষা না করার বিষয়টি একটি অনিচ্ছাকৃত ভুল হিসেবে তিনি ক্ষমাপ্রার্থনা করেন।

যেহেতু, অর্থ আত্মসাতের সাথে তার কোন সংশ্লিষ্টতা নেই এবং ইতোপূর্বে তার বিরুদ্ধে এরূপ কোন অভিযোগ পাওয়া যায়নি। ব্যক্তিগত শুনানিকালে তিনি অনুতপ্ত হন। সেহেতু শুনানি, নথি পর্যালোচনা এবং সার্বিক বিষয় বিবেচনায় বেগম নাজিয়া শামস্, যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়া সদর, বগুড়া-এর বিরুদ্ধে মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রদত্ত দণ্ড মওকুফ করা হল। একইসাথে তাকে সতর্ক করা হলো।

**কাজী আখতার উদ্দিন আহমেদ**
সচিব।

---

**কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ**
**শিক্ষা মন্ত্রণালয়**
**শাখাঃ কারিগরি-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০২ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ/১৪ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭৬.০৭.০০২.১২(অংশ)-১৩৪**—কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট এর জুনিয়র ইন্সট্রাক্টর (মেকানিক্যাল) জনাব মোহাম্মদ নাজিম উদ্দিন বিগত ১৩-০৩-২০১১ খ্রিঃ তারিখ হতে ০২-০২-২০১৩ খ্রিঃ তারিখ পর্যন্ত কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। অননুমোদিত এরূপ অনুপস্থিতির জন্য শিক্ষা মন্ত্রণালয়ের ১৬-০৮-২০১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৭৬.০৭.০০২.১২(অংশ)-৫৮৭ সংখ্যক স্মারকের মাধ্যমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মতে 'অসদাচরণ' এবং বিধি ৩(সি) মতে 'ডিজারশন' এর অভিযোগে তার অনুকূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। তিনি বিগত ০৬ অক্টোবর ২০১৫ তারিখে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য প্রার্থনা করেন।

২। অতঃপর বিগত ১০ জানুয়ারি ২০১৬ তারিখে তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। সংশ্লিষ্ট কর্মচারীর দাখিলকৃত জবাব ও ব্যক্তিগত শুনানি সন্তোষজনক বিবেচিত না হওয়ায় রুজুকৃত বিভাগীয় মোকদ্দমার পরিপ্রেক্ষিতে তদন্তকারী কর্মকর্তা নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনসহ সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব মোহাম্মদ নাজিম উদ্দিন এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মতে 'অসদাচরণ' এবং বিধি ৩(সি) মতে 'ডিজারশন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাকে উক্ত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। এমতাবস্থায়, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মতে 'অসদাচরণ' এবং বিধি ৩(সি) মতে 'ডিজারশন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট এর জুনিয়র ইন্সট্রাক্টর (মেকানিক্যাল) জনাব মোহাম্মদ নাজিম উদ্দিন কে ভবিষ্যতের জন্য কঠোরভাবে 'সতর্ক' করে উক্ত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো। অননুমোদিত অনুপস্থিতির কালকে অর্থাৎ ১৩-০৩-২০১১ খ্রিঃ তারিখ হতে ০২-০২-২০১৩ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ১(এক) বৎসর ১০(দশ) মাস ২০(বিশ) দিন ভূতাপেক্ষভাবে লিয়েন মঞ্জুর করা হলো।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আলমগীর**
ভারপ্রাপ্ত সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ, ০৬ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ/২০ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৩৬.০৪৯.১৩.১৫-৭০**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে:

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | বিবিচিনি | ০১ | বেতাগী | বরগুনা |
| (২) | কেওরা বুনিয়া | ১৯ | বেতাগী | বরগুনা |
| (৩) | ভোরা | ৫৪ | বেতাগী | বরগুনা |
| (৪) | রামারপোল | ১০ | মুলাদী | বরিশাল |
| (৫) | লতিফপুর | ৬৪ | সীতাকুন্ড | চট্টগ্রাম |
| (৬) | মগনামা | ০৯ | পেকুয়া | কক্সবাজার |
| (৭) | পূর্ব বড় ভেওলা | ৪৫ | চকোরিয়া | কক্সবাজার |

**নং ৩১.০০.০০০০.০৩৬.০৪৯.১৫.১৫-৭১**—১৮৭৫ সনের সার্ভে আইন (৫ম আইন) এর ৩ ধারা এবং ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ১নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজার দিয়ারা জরিপ কাজ শুরুকরণের প্রশাসনিক অনুমোদন দেয়া হলো:

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| (১) | স্বর্ণদ্বীপ | ৮০ | হাতিয়া | নোয়াখালী |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রফিকুল ইসলাম**
যুগ্মসচিব।

## অধিশাখা-২ (মাঠ প্রশাসন)

### আদেশ

তারিখ, ১৪ মার্চ ২০১৭

**নং ৩১.০০.০০০০.০৪৬.২৭.০০২.১৬.২২১**—যেহেতু, জনাব মির্জা মোঃ আবদুর রশীদ, কানুনগো, মহানগর ভূমি অফিস, চট্টগ্রাম (প্রাক্তন কানুনগো, আদর্শ সদর উপজেলা, কুমিল্লা) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি ১৯৮৫ এর ৩(সি) ও ৩(ডি) অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে ০৫/২০০৭ নং বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

২। যেহেতু, উক্ত বিধিমালার বিধান অনুযায়ী যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে জনাব মির্জা মোঃ আবদুর রশীদ-কে ভূমি মন্ত্রণালয়ের ১৯-০৪-২০১০ তারিখের ভূঃমঃ/শা-১২(বিঃমামলা)চট্টগ্রাম-৬৬/ ২০০৮-২৮৭ নং স্মারক আদেশে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে উক্ত বিধির ৪(৩)(সি) অনুযায়ী চাকরি হতে অব্যাহতি প্রদান করা হয়।

৩। যেহেতু, জনাব মির্জা মোঃ আবদুর রশীদ উক্ত আদেশের বিরুদ্ধে মহামান্য রাষ্ট্রপতি বরাবর যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে গত ২৪-০৫-২০১০ তারিখে রিভিউ আবেদন করেন; এবং

৪। যেহেতু, জনাব মির্জা মোঃ আবদুর রশীদ এর রিভিউ আবেদন করার ২ মাস সময় অতিক্রান্ত হওয়ার পর প্রশাসনিক ট্রাইব্যুনাল, ঢাকায় গত ২৭-০৭-২০১০ তারিখে ১০৯/২০১০ নং এটি মামলা দায়ের করেন এবং প্রশাসনিক ট্রাইব্যুনালের বিজ্ঞ সদস্য পক্ষগণ শুনানীর পর তাঁকে চাকুরিতে পুনর্বহালের আদেশসহ মামলা আংশিক মঞ্জুর করেন; এবং

৫। যেহেতু, জনাব মির্জা মোঃ আবদুর রশীদ প্রশাসনিক ট্রাইব্যুনাল, ঢাকার এটি মামলা নং-১০৯/২০১০ এর রায়ের বিরুদ্ধে বিজ্ঞ প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকায় ২৮৯/২০১৪ নং এএটি আপীল মামলা দায়ের করেন এবং বিজ্ঞ আদালত ২৮৯/২০১৪ নং এএটি মামলায় ২৫-০৬-২০১৫ তারিখে তাঁকে চাকরিতে পুনর্বহালের রায়সহ মামলা মঞ্জুর করেন; এবং

৬। যেহেতু, ভূমি মন্ত্রণালয়ের ২৩-১১-২০১৬ তারিখের ৩১.০০. ০০০০.০৪৩.৬৮.০০৭.১৪(অংশ-১)-৮১৯ নং স্মারকে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সলিসিটর উইং এর মতামত চাওয়া হলে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সলিসিটর উইং এর এটি/এএটি শাখার ০৭-০৩-২০১৭ তারিখের ১০.০০.০০০০.১৩৬.৪৯.৪০/১৬(সুপ্রীম)-১৯২ নং স্মারকে বিজ্ঞ প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকার এএটি ২৮৯/২০১৪ মামলার ২৫-০৬-২০১৫ তারিখের রায় ও আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রীমকোর্টের আপীল বিভাগে লীভ-টু-আপীল দায়ের না করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৭। সেহেতু, এক্ষণে জনাব মির্জা মোঃ আবদুর রশীদ, কানুনগো, মহানগর ভূমি অফিস, চট্টগ্রাম (প্রাক্তন কানুনগো, উপজেলা ভূমি অফিস, আদর্শ সদর, কুমিল্লা)-কে বিজ্ঞ প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকার এএটি ২৮৯/২০১৪ মামলার ২৫-০৬-২০১৫ তারিখের রায় ও আদেশের প্রেক্ষিতে চাকরিতে পুনর্বহাল করা হলো এবং তাঁর চাকরি হতে অব্যাহতি থাকাকালীন সময় কর্তব্যরত বলে গণ্য হবে। বিধি মোতাবেক তিনি সকল আর্থিক ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

৮। এ আদেশ জারিতে যথাযথ কতৃপক্ষের অনুমোদন রয়েছে, জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ মনিরুজ্জামান মিঞা**
উপসচিব।

## শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ, ২১ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ/৬ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৪০.০০.০০০০.০২০.২৫.০৮৭.১৬-১৪৬**—কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের অধীন উপমহাপরিদর্শকের কার্যালয়, কিশোরগঞ্জ এর উপমহাপরিদর্শক জনাব মোঃ খোরশেদ আলম আকস্মিকভাবে গত ০৬ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিঃ তারিখ আনুমানিক সকাল ৭.৩০ টায় মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

জনাব মোঃ খোরশেদ আলম, ০১ জুলাই ১৯৬২ সালে কুমিল্লা জেলার অন্তর্গত বলরামপুর গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৪ বছর ০৭ মাস ০৫ দিন। তিনি একজন সৎ, নিষ্ঠাবান ও কর্তব্যপরায়ণ কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী ও বৃদ্ধামাতা রেখে গেছেন।

জনাব মোঃ খোরশেদ আলম এর অকাল মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাহত। আমরা তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করি এবং তাঁর পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানাই।

**মিকাইল শিপার**
সচিব।

## Ministry of Shipping

### Notifcation

Date: 07-03-2017

**Subject: Government Authorization to Implement IMO instrument**

**No. 18.00.0000.019.16.003.14-138**—The Government in exercise of its powers contained in Section 4(3) of the Bangladesh Merchant Shipping Ordinance 1983 authorizes the Director General to exercise powers exercisable by the Government under the Ordinance and to issue such circulars, notifications, bulletins orders, notice, marine notice, guidance etc not inconsistent with the provisions of the Ordinance and Rules made there under for the purpose of giving proper effect to the provisions of the applicable International Conventions, as shall be deemed necessary or desirable to give effect to the International Conventions signed by Bangladesh. A copy of all such documents shall be endorsed to the Government.

By the Order of the President

**S.M. Shah Habibur Rahman Hakim**
Senior Assistant Secretary.

## ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
## তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

### আদেশ

তারিখ, ০৬ মার্চ ২০১৭ খ্রিঃ

**নং ৫৬.০০.০০০০.০২০.৩১.০২৮.১৪-৬৮**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নং ০৫.১৩৩.০০৬.০৩.১৬১.০৪.২০১২-৪৮ তারিখ: ১৭-০২-২০১৪ খ্রিঃ, অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের স্মারক নম্বর: ০৭.০০.০০০০.১৬২.০০৫.০০৪.১৩-২১৩ তারিখ: ১৮-১১-২০১৩ খ্রিঃ ও অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-১ এর

স্মারক নম্বর: ০৭.১৫১.০১৫.০৫.০০.০৩.২০১৩/৩৭৩, তারিখ: ২৭-১০-২০১৩ খ্রিঃ তারিখ এর মাধ্যমে প্রাপ্ত সম্মতির প্রেক্ষিতে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর নির্বাহী পরিচালকের পদটির পার্শ্বে উল্লিখিত জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী গ্রেড-১ এ উন্নীতকরণের সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি:

| পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) |
|---|---|
| নির্বাহী পরিচালক বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | টাকা ৭৮,০০০ (নির্ধারিত) গ্রেড-১ |

১। উক্ত পদের ব্যয় বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর সংশ্লিষ্ট খাত হতে নির্বাহ করা হবে।

২। উপরোক্ত বিষয়ে প্রচলিত যাবতীয় বিধি/আনুষ্ঠানিকতা পালন করে এ আদেশ জারি করা হলো।

**কাজী মোহাম্মদ সেলিম**
উপসচিব।

---

**[একই স্মারক নং ও তারিখে প্রতিস্থাপিত]**
**পরিকল্পনা কমিশন**
**সাধারণ অর্থনীতি বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৮ ফাল্গুন ১৪২৩ বঃ/২০ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিঃ

**নং ২০.০১.০০০০.০২০.১৬.২৬.১৬-২২**—Economic Dialogue on Inclusive Growth (EDIG) Programme-কে প্রয়োজনীয় দিক্-নির্দেশনা, পর্যালোচনা ও পরামর্শ প্রদানের জন্য মন্ত্রণালয়/বিভাগ, সরকারি অধিদপ্তর ও অন্যান্য, বিশ্ববিদ্যালয়/শিক্ষক প্রতিনিধি, গবেষণা প্রতিষ্ঠান, ব্যবসায়িক সংগঠন এবং মিডিয়া প্রতিনিধিদের নিয়ে নিম্নে বর্ণিত সদস্য সমন্বয়ে একটি Inclusive Growth Policy Forum (IGPF) ফোরাম গঠন করা হলো।

**ক. মন্ত্রণালয়/বিভাগ**

**সভাপতি**

১. সদস্য (সিনিয়র সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন

**সদস্য-বৃন্দ**

২. প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ

৩. প্রতিনিধি, বাংলাদেশ ব্যাংক

৪. প্রতিনিধি, বাণিজ্য মন্ত্রণালয়

৫. প্রতিনিধি, অর্থ বিভাগ

৬. প্রতিনিধি, সমাজকল্যাণ মন্ত্রণালয়

৭. প্রতিনিধি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

৮. প্রতিনিধি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৯. প্রতিনিধি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

১০. প্রতিনিধি, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১১. প্রতিনিধি, কৃষি মন্ত্রণালয়

১২. প্রতিনিধি, খাদ্য মন্ত্রণালয়

১৩. প্রতিনিধি, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

১৪. প্রতিনিধি, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

১৫. প্রতিনিধি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

১৬. প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ

১৭. প্রতিনিধি, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

১৮. প্রতিনিধি, কারিগরি ও মাদ্রাসা বিভাগ

১৯. প্রতিনিধি, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

২০. মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

**খ. সরকারি অধিদপ্তর ও অন্যান্য**

১. চেয়ারম্যান, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

২. ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন

**গ. বিশ্ববিদ্যালয়/শিক্ষক প্রতিনিধি**

১. চেয়ারম্যান, অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

২. ড: আতিউর রহমান, অধ্যাপক, উন্নয়ন অধ্যয়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

**ঘ. গবেষণা প্রতিষ্ঠান**

১. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস)

২. নির্বাহী পরিচালক, সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)

**ঙ. ব্যবসায়িক সংগঠন**

১. সভাপতি, মেট্রোপলিটন চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ড্রাস্ট্রি (এমসিসিআই)

২. সভাপতি, দ্য ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বার্স অফ কমার্স অ্যান্ড ইন্ড্রাস্ট্রি (এফবিসিসিআই)

**চ. মিডিয়া**

১. সম্পাদক, The Financial Express

২. সম্পাদক, বণিক বার্তা

**সদস্য-সচিব**

**ছ.** যুগ্ম-প্রধান, দারিদ্র্য বিশ্লেষণ ও পরিবীক্ষণ অনুবিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন

**২। ফোরাম-এর কার্য-পরিধি নিম্নরূপ:**

ক) সরকারের বিদ্যমান দারিদ্র্য বিমোচন কর্মসূচিকে কিভাবে আরো অন্তর্ভুক্তিমূলক করে উপকারভোগীদের সুযোগ সুবিধা বৃদ্ধি করা যায় সে বিষয়ে সুপারিশ করা;

খ) অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি অর্জনে গবেষণার ক্ষেত্র চিহ্নিতকরণ;

গ) দারিদ্র্য দূরীকরণে অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি অর্জনে গবেষণা লব্ধ ও তথ্য উপাত্ত ভিত্তিক নীতি প্রণয়নে সংলাপের মাধ্যমে সহায়তা করা;

ঘ) অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি অর্জনে বিদ্যমান নীতিসমূহ পর্যবেক্ষণ করত: বাস্তবায়নযোগ্য সংস্কার সাধনের সুপারিশ প্রদান;

ঙ) অন্যান্য প্রাসঙ্গিক বিষয়।

৩। ফোরাম প্রতি তিন মাসে একবার সংলাপ আয়োজন করবে।

৪। ফোরাম প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জোসেফা ইয়াসমিন**
সহকারী প্রধান।